

২০২৫

বাংলা — এম.ডি.সি

পত্র : CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) চর্যাপদের আবিষ্কার এবং প্রকাশ সংক্রান্ত তথ্যগুলি আলোচনা করে গ্রন্থটির কাব্যমূল্য বিচার করো। ৫+১০

অথবা

(খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কোন যুগের সাহিত্যিক নিদর্শন? এই গ্রন্থের মোট কয়টি খণ্ড? এই কাব্যের কবির পরিচয় দিয়ে কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ১+১+৩+১০

২। (ক) অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণ আলোচনা করে অনুবাদক হিসাবে কৃত্তিবাসের মৌলিকতা ও জনপ্রিয়তার কারণ নির্দেশ করো। ৫+১০

অথবা

(খ) চৈতন্যজীবনীকাব্য হিসাবে ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো। ১৫

৩। (ক) মঙ্গলকাব্যগুলির মধ্যে ধর্মমঙ্গলের স্বাতন্ত্র্য দেখিয়ে এই ধারার যে-কোনো একজন কবির কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো। ৫+১০

অথবা

(খ) সপ্তদশ শতকে আরাকান রাজসভার গুরুত্ব বিচার করে আলাউলের ‘পদ্মাবতী’ কাব্যটির বিশিষ্টতা দেখাও। ৫+১০

৪। (ক) টীকা লেখো — প্রাকৃত পৈঙ্গল। ৫

অথবা

(খ) বড় চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব লেখো। ৫

৫। (ক) টীকা লেখো — শ্রীকৃষ্ণবিজয়। ৫

অথবা

(খ) কোন কবিকে কেন ‘দ্বিতীয় বিদ্যাপতি’ বলা হয়? ১+৪

৬। (ক) ঢীকী লেখো — ইউসুফ জোলেখা।

অথবা

(খ) শান্ত-পদকর্তীৰূপে রামপ্রসাদ সেনের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

- (ক) চর্যাপদের সংস্কৃত ঢীকাকারের নাম কী?
- (খ) চর্যাপদের তিব্বতি অনুবাদ কে আবিষ্কার করেন?
- (গ) শ্রীকৃষ্ণকীর্তন কে আবিষ্কার করেন?
- (ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কোথা থেকে প্রকাশিত হয়?
- (ঙ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রধান চরিত্র কয়টি?
- (চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি ছিল?
- (ছ) কাশীরাম দাস কোথায় জন্মগ্রহণ করেন?
- (জ) চৈতন্যদেব কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
- (ঝ) কোন কবিকে 'মেথিল কোকিল' বলা হয়?
- (ঞ) দৌলত কাজী কোন শতকের কবি?
- (ট) মনসামঙ্গলের আদি কবির নাম লেখো।
- (ঠ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যের রচনাকাল লেখো।
- (ড) দৌলত কাজী কার অনুরোধে 'লোরচন্দ্রানী ও সতীময়না' লেখেন?
- (ঢ) 'রায়গুণাকর' কোন কবির উপাধি ছিল?
- (ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার কবি ছিলেন?